

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/25/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

**গভর্নর কুওমো প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পারদ-যুক্ত মেঝে স্থাপন বা আচ্ছাদন নিষিদ্ধ করার আইন স্বাক্ষর করেছেন**

**আইনটি শিক্ষার্থী ও স্কুলের কর্মচারীদের জন্য পারদ বাষ্প অনাবৃত থাকার সীমা নির্ধারণ করেছে**

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ সরকারি এবং অসরকারি প্রাথমিক ও মাধ্যমিক স্কুলগুলোতে পারদ-যুক্ত মেঝে স্থাপন বা আচ্ছাদন করা নিষিদ্ধ করে আইনে (S.6145/A.7986) স্বাক্ষর করেছেন।

"কোন পিতা বা মাতারই তার সন্তান পারদ বাষ্পে অনাবৃত রয়েছে এমন আশঙ্কা থাকা উচিত নয়," **গভর্নর কুওমো বলেন।** "এই পদক্ষেপের মাধ্যমে নিউ ইয়র্ক কয়েকটি স্টেটের একটি ছোট দলে যুক্ত হচ্ছে যেটি আমাদের সন্তানদের স্বাস্থ্য ও নিরাপত্তার সুরক্ষা দিতে এই আগ্রাসী পদক্ষেপ গ্রহণ করেছে।"

1960 থেকে 1990-এর দশক পর্যন্ত প্রচলিতভাবে স্কুলগুলোতে রাবার-সদৃশ মেঝে স্থাপন করা হত যাতে প্রায়শই পারদ থাকত এবং ইতোমধ্যে এগুলোর অবনতি হওয়া শুরু হয়েছে। পুরনো কিছু মেঝে এখন পারদ বাষ্প নির্গত করছে, এমনকি পুরনো পারদ-যুক্ত মেঝের উপরে কাঠের মেঝে স্থাপন করা হয়েছে সেখানেও।

**সিনেট এনভায়রনমেন্টাল কনজার্ভেশন কমিটি (Senate Environmental Conservation Committee)-এর সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন,** "সকল শিক্ষার্থীদেরই একটি নিরাপদ, ক্ষতিকর, বিষাক্ত রাসায়নিক মুক্ত পরিবেশে শিক্ষা গ্রহণের সুযোগ প্রাপ্য। এই ঐতিহাসিক পদক্ষেপে স্বাক্ষর করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ। পারদ মোকাবেলায় আমার আইন প্রণয়ন আমাদের শিশুদের নিরাপত্তার সুরক্ষা দেবে, এবং পাশাপাশি বাবা-মাকে মনের শান্তি দেবে। নিরাপত্তা বেট্টনী শ্রেণীকক্ষের ভিতরে ও বাইরে আমাদের শিক্ষার্থীদের জন্য অবশ্যই অগ্রাধিকার হিসেবে বিবেচিত হতে হবে — আগামীর নেতাদের এরচাইতে একটুও কম প্রাপ্য নয়।"

**সংসদ সদস্য জুডি গ্রিফিন বলেন,** "পারদ-যুক্ত মেঝে একটি গন্ধহীন এবং বর্ণহীন বাষ্প নির্গত করতে পারে যা একটি শিশুর বিকাশের জন্য ক্ষতিকারক হতে পারে। লং আইল্যান্ডের অনেক স্কুল ডিস্ট্রিক্ট জিমন্যাসিয়ামগুলোতে উচ্চ মাত্রার পারদ বাষ্পের সন্ধানের পরে, আমি এই কথা বলতে পেরে গর্বিত যে শিক্ষার্থী, পিতামাতারা এবং শিক্ষকরা আশ্বস্ত হতে পারে যে তাদের স্বাস্থ্য এই ক্ষতিকর

বাষ্পে অনাবৃত হবার কারণে আর ঝুঁকিগ্রস্থ থাকবে না। আমি গভর্নর কুউমোকে এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই যাতে আমাদের স্কুলগুলো শিক্ষার্থীদের শেখার, সমৃদ্ধ হওয়ার এবং অর্জনের নিরাপদ স্থান হিসাবে অব্যাহত থাকবে।"

পারদ বাষ্পের অনাবৃত হওয়া ঋতিকারক, এবং শিশুরা বেশি আক্রান্ত হয়। অনাবৃত হবার ফলে স্মৃতিশক্তি হ্রাস, কাঁপুনি, শ্বাসযন্ত্রের ব্যর্থতা এবং মৃত্যু হতে পারে। এপ্রিল 2019 এর শেষদিকে, সাফোক কাউন্টির মিলার প্লেস হাই স্কুল (Miller Place High School) তাদের জিমনেসিয়ামটি সংস্কারের সময় উচ্চ মাত্রার পারদ বাষ্প আবিষ্কার করে, যা জিমাটি বন্ধ করতে বাধ্য করে।

কর্মচারী বা শিক্ষার্থীদের জন্য 750 ng/m<sup>3</sup> মাত্রার একটি টাইম-ওয়েটেড গড়পড়তা পারদ বাষ্প অনাবৃত সীমা নির্ধারণ করে, আইনটি বিশেষভাবে পরিবেশগত সংরক্ষণ আইনের সংশোধন করে। আইনটি অবিলম্বে কার্যকর হবে এবং 1 জানুয়ারি, 2021 পরে হওয়া সকল স্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)